



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

বিষয়: করোনাজাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

করোনাজাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে ০১ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৭ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

- ১.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;
- ১.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যন্ত্রচালিত যানবাহন চলাচল বন্ধ থাকবে;
- ১.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;
- ১.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;
- ১.৫ জনসমাবেশ হয় এ ধরণের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;
- ১.৬ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
- ১.৭ ব্যাংকিং সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
- ১.৮ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহন, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ফার্মেসি ও ফার্মাসিউটিক্যালসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;
- ১.৯ পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান/কার্গো ভেসেল এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- ১.১০ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং সংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- ১.১১ শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে;
- ১.১২ কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;
- ১.১৩ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সংকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ১.১৪ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;
- ১.১৫ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Take away) করতে পারবে;
- ১.১৬ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীরা তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবে;
- ১.১৭ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

(Signature)

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

(ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী)

একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান)

টংগী, গাজীপুর -১৭১০




ব্যবস্থাপক (প্রশাসন)
www.tss.com.bd

স্মারক নম্বর: ১৪.৩৬.০০০০.০০৪.১৮.০০২.২০.১৪০

তারিখ: ১৭ আষাঢ়. ১৪২৮

০১ জুলাই ২০২১

কোভিড-১৯ বিস্তার রোধকল্পে সর্বশেষ জারীকৃত সরকারী নির্দেশনা (সংযুক্ত) টেশিসের কর্মকর্তা/কর্মচারী যথাযথভাবে পালন করবেন। কর্মকর্তা/কর্মচারীগণ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জরুরী পরিসেবায় অংশগ্রহণ করবেন। অনলাইনে/ইনথির মাধ্যমে এবং টেলিফোনিক আলাপ-আলোচনায় দৈনন্দিন দাপ্তরিক কার্যসমূহের সম্পাদন কার্যক্রম চলমান থাকবে।



১-৭-২০২১

ফখরুল হায়দর চৌধুরী

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৯৮১৪৭৪৭

ফ্যাক্স: ০২-৯৮১২৭০০

ইমেইল: mdtss@tss.com.bd

টেশিস-কর্মকর্তাবৃন্দ


স্মারক নম্বর: ১৪.৩৬.০০০০.০০৪.১৮.০০২.২০.১৪০/১(৩)

তারিখ: ১৭ আষাঢ়. ১৪২৮

০১ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সহকারি প্রোগ্রামার, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড, অফিস আদেশটি টেশিস ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো।
- ২) অফিস কপি
- ৩) কনিষ্ঠ সহকারি ব্যবস্থাপক (নিরাপত্তা), টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড-নোটিশ বোর্ড



১-৭-২০২১

মোঃ হুমায়ুন কবির ভূঞা

মহাব্যবস্থাপক (প্রশাসন এবং অর্থ)